দৈনিক ইত্তেফাক ৩

তারিখ 03 JAN 1990 ... পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮

# 'ক্যাম্পাস পরিস্থিতি উন্নয়নে সকলকে আন্তরিক হইতে হইবে'

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গত শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'বিশ্ববিদ্যালয় প্রশাসন' শীর্ষক এক সেমিনারে বক্তারা উচ্চ শিক্ষার স্বার্থে ও ক্যাম্পাস পরিস্থিতি উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকল মহলকে আন্তরিক হওয়ার আহ্বান জানাইয়াছেন।

সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর শামসুল হক প্রধান অতিথি ও বর্তমান ভিসি প্রফেসর আবদুল মান্নান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

প্রফেসর আমানুল্লাহ আহমেদের সভাপতিত্বে 'উস' আয়োজিত এই সেমিনারে মূল প্রবন্ধকার প্রফেসর আবদুল্লাহ ফারুক বলেন, 'বিশ্ব-

(৮ম পৃঃ দ্রঃ)

## ক্যাম্পাস পরিস্থিতি

(৩য় পৃঃ পর)

বিদ্যালয় প্রশাসন উচ্চ শিক্ষার বিভিন্ন শাখাকে প্রভাবিত করে। কাজেই প্রশাসনিক অবস্থা ত্রুটিমুক্ত হওয়া উচিত।

প্রফেসর আবদুল মান্নান বলেন, সীমাবদ্ধতার মধ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিকট বর্তমান অবস্থার চাইতে অধিক কিছু আশা করা উচিত নয়। বর্তমান সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন দুর্নীতিমুক্ত রহিয়াছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি এ, আজিজ খান, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জহিরুল হক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এ, এন, শামসুল হক ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আমিরুল ইসলাম চৌধুরী সেমিনারে বক্তৃতা করেন।